যুগান্তর

তারিখ ... 5 JUN 2017 ...
পৃষ্ঠা ...৮... কলাম ...২...

# সাত দফা দাবিতে প্রাথমিক শিক্ষামন্ত্রীর সঙ্গে মতবিনিময়

যুগান্তর রিপোর্ট

প্রধান শিক্ষকদের দশম গ্রেড এবং সহকারী শিক্ষকদের একাদশ গ্রেড প্রদানসহ ৭ দফা দাবি নিয়ে প্রাথমিক শিক্ষক সমিতির নেতারা রোববার প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রীর সঙ্গে মতবিনিময় করেছেন। সকালে সচিবালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। এতে মন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান ফিজারের সঙ্গে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব গিয়াসউদ্দিন আহমেদ, আকরাম-আল হোসেন, যুগ্ম সচিব নেছার আহমেদসহ অন্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অপরদিকে সমিতির সভাপতি নুরুজ্জামান আনসারী ও সাধারণ সম্পাদক আবদুল্লাহ সরকার শিক্ষকদের নেতৃত্ব দেন।

শিক্ষকদের দাবির মধ্যে আরও আছে, প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী প্রধান শিক্ষকদের গ্রেড দ্বিতীয় শ্রেণী দেয়া ও আগের টাইম স্কেল গণনা করা, সরাসরি নিয়োগপ্রাপ্ত প্রধান শিক্ষকদের মতো বাকিদেরও বেতন স্কেল দেয়া, প্রাথমিক শিক্ষাকে নন-ভকেশনাল বিভাগ ঘোষণা ইত্যাদি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর